# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৩২]

১৬। হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৬৮. হজ্জ পালনকারী ও অন্যান্যের জন্য কাবাহ্ ঘরের অভ্যন্তরে প্রবেশ এবং সালাত আদায় করা, এর সকল পাশে দুআ করা মুস্তাহাব

باب اسْتِحْبَابِ دُخُولِ الْكَعْبَةِ لِلْحَاجِّ وَغَيْرِهِ وَالصَّلاَةِ فِيهَا وَالدُّعَاءِ فِي نَوَاحِيهَا كُلِّهَا

আরবী

وَحَدَّثَنِي سُرَيْجُ بْنُ يُونُسَ، حَدَّثَنِي هُشَيْمٌ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِدٍ، قَالَ قُلْتُ لِعَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى صَاحِبِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَدَخَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم الْبَيْتَ فِي عُمْرَتِهِ قَالَ لاَ .

বাংলা

৩১৩০-(৩৯৭/১৩৩২) সুরায়জ ইবনু ইউনুস (রহঃ) ..... ইসমাঈল ইবনু আবূ খালিদ (রহঃ) বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী আবূ আওফা (রাযিঃ) কে জিজ্ঞেস করলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমরাহ আদায়কালে বায়তুল্লাহর অভ্যন্তরে প্রবেশ করেছিলেন কি? তিনি বললেন, না।* (ইসলামিক ফাউন্ডেশন ৩১০৫, ইসলামীক সেন্টার ৩১০২)

## English

Isma'il b. Abu Khalid reported:
I asked Abdullah b. Abu Aufa (Allah be pleased with him), a Companion of Allah's Messenger (ﷺ), whether Allah's Apostle (ﷺ) had entered the House, while performing 'Umra, He said: NO.

ফুটনোট

* এ থেকে উদ্দেশ্য হল মক্কাহ বিজয়ের পূর্বে হিজরতের ৭ম বর্ষে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাযা উমরাহ পালন। কাবার ঘরের ভিতরে প্রবেশ না করার কারণ হল মক্কার মুশরিকরা কাবার অভ্যন্তরে বিভিন্ন দেব-দেবীর মূর্তি রাখতো এবং সেগুলো সরাতে দিত না। অতঃপর মক্কাহ বিজয়ের সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মূর্তিসমূহ অপসারণ করার পর তথায় সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করেছিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইসমাঈল ইবনু আবূ খালিদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=50213

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন